

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ ৯৫৬২৭৯৫ ফ্যাক্সঃ ৮৮০-২-৯৫৬২৯১৩

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০০২.১৬/৫০(২০) বি-১

তারিখঃ ০৯/০৫/১৪১৬
২৪/০৫/২০১৬

বরাবর

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (ই/এম)/ (গণবিপ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন-ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ রংপুর/ খুলনা/ সিলেট/ বরিশাল।

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে হিসাবের কোড সং-৩-৩২৫১-০০০০-৪৯২৩ সরকারি স্থাপনা মেরামত ও সংরক্ষণ খাতে সম্পাদিতব্য বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের আলোকে সন্মানের সাথে জানানো যাচ্ছে যে, গণপূর্ত অধিদপ্তরের বহির্ভুক্ত ভৌত অবকাঠামো সমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২০১৬-২০১৭ অর্থ বছরের ৩-৩২৫১-০০০০-৪৯২৩-সরকারি স্থাপনা মেরামত ও সংরক্ষণ খাতের সম্পাদনযোগ্য কাজসমূহের তালিকা নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ পূর্বক এক সংযুক্ত 'ছক' মোতাবেক প্রণয়ন করে বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) আগামী ৩১/০৫/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে প্রতিটি বিভাগের জন্য তিন প্রহে Hard Copy বকনেট আকারে এক Soft Copy- CD আকারে এ দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নির্দেশনাঃ-

- ১। ক) ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) এর বরাদ্দ (সকল প্রকার সংশোধিত বরাদ্দ ব্যতীত) আর্থিক সীমার মধ্যে ২০১৬-২০১৭ অর্থ বছরের এপিপি প্রণয়ন করতে হবে।
- খ) ক্ষেত্র পরিহার এক প্রাপ্ত বরাদ্দের সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে ক্রয় বছরসমূহের বিশেষ মেরামত, সাধারণ মেরামত ইত্যাদি কাজের ক্ষেত্রে প্রধান প্রকৌশলীর দপ্তরের নির্দেশনা অনুসারে কাজসমূহ অন্তর্ভুক্ত করতে হবে।
- গ) কাজের তালিকায় ক্রমসমূহ গুরুত্বপূর্ণ দপ্তরের স্থাপনা, স্পর্শকাতর স্থাপনা এবং সর্বোপরি প্রত্যাশী সংস্থার চাহিদার প্রতি গুরুত্বারোপ করতঃ সরেজমিন তথ্য বিচার বিশেষণ পূর্বক অগ্রাধিকার ভিত্তিতে সাজাতে হবে। উল্লেখ্য, জাতির জনকের সমাধি কমপ্লেক্স, প্রধানমন্ত্রীর কার্যালয়, গণভবন, বঙ্গভবন, জাতীয় সংসদ ভবন, সুপ্রিম কোর্ট, মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রীদের বাসভবন, সচিবালয়, জাতীয় স্মৃতিসৌধ ইত্যাদি গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর অবকাঠামোসমূহের কাজ অগ্রাধিকার ভিত্তিতে এপিপিতে অন্তর্ভুক্ত করতে হবে।
- ঘ) প্রতিটি সেটের ভিত্তিক (যেমনঃ- সাধারণ প্রশাসন, বরাদ্দ, শিক্ষা ইত্যাদি) প্রত্যাশী সংস্থার চাহিদার আলোকে অগ্রাধিকার ভিত্তিতে এপিপি প্রস্তুত করতে হবে। উক্ত তালিকায় কারাগার, আবহাওয়া, সমাজকল্যাণ এবং পাবলিক-সাহায্যের কাজও অন্তর্ভুক্ত থাকবে।
- ঙ) বদলীভুক্ত হাইজেনিক ওয়াশ ও স্নাত্যাবকীয় রক্ষণাবেক্ষণ কাজ APP তে অন্তর্ভুক্ত করে অগ্রাধিকার বিবেচনায় তালিকার বধ্যস্থানে রাখতে হবে, যাতে করে বরাদ্দ হ্রাসজনিত কারণে এসব ক্ষেত্রে কোন প্রভাব না পড়ে।
- চ) প্রতিটি জেলার জেলা প্রশাসক/জার চাহিদা মোতাবেক বিভিন্ন জরুরী কাজ সম্পাদনের নিমিত্তে জেলা প্রতি ৫.০০ লক্ষ টাকা সুনির্দিষ্ট করে রাখতে হবে।
- ২। ক) দৈনন্দিন জরুরী কাজ/ দৈনন্দিন জরুরি মেরামত/পেটিপারামেট যে নামেই রাখা হোক না কেন, অদেখা কাজের জন্য ডিভিশনওয়ারী পোক ৫% এর অধিক রাখা যাবে না।
- খ) প্রস্তাবিত পরিকল্পনায় দৈনিক মজুরী/ নিরাপত্তা কর্মী/ আসবাবপত্র ক্রয় সংক্রান্ত কাজ বিবেচনায় নেয়া যাবে না। তাছাড়া সরকারি স্থাপনা মেরামত ও সংরক্ষণ ব্যয় ব্যতীত সববরাদ্দ ও সেবামূল্য বা অন্য কোন ব্যয় প্রস্তাব অন্তর্ভুক্ত করা যাবে না।
- গ) কোনরূপ বৈরততা, অসামঞ্জস্যতা, পরিপত্র পরিপত্রি কোন কাজ অন্তর্ভুক্ত হলে এ দপ্তর কর্তৃক কোনরূপ ব্যাখ্যা ব্যতীতই কাজসমূহের অন্তর্ভুক্ত বাতিল করতঃ এপিপি অনুমোদন করা হবে।
- ৩। ক) প্রতিটি সার্কেল তার অধীনস্থ বিভাগসমূহ ততে প্রাপ্ত APP এর তালিকার একটি সার-সংক্ষেপ ছক অনুযায়ী পূরণ করতে হবে।
- খ) সার্কেলের অধীনস্থ বিভাগসমূহের এপিপি গুণিতকসমূহ একত্রিত না করে পৃথক পৃথক থাকতে হবে।
- গ) সকল গণপূর্ত বিভাগের এপিপি যথাযথ কর্তৃপক্ষ (সার্কেল ও জোন) এর মাধ্যমে পাঠাতে হবে।

এমতাবস্থায়, ২০১৬-২০১৭ অর্থ বছরের মেরামত ও সংরক্ষণ খাতে বাজেট বরাদ্দের অর্থ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এক অর্থ মন্ত্রণালয় হতে দ্রুত ছাড়করণের লক্ষ্যে 'অগ্রাধিকার ভিত্তিতে' বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংক্রান্তিঃ ছক (এক পাতা)।


মোসলেহ উদ্দীন আহম্মদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪
se_coord@pwd.gov.bd

ঃ অপর পৃষ্ঠা দ্রষ্টব্য ঃ

